

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে হত্যার হুমকি, প্রতিবাদে বিক্ষোভ

নিজস্ব
প্রতিবেদক,
গাজীপুর

০৫ নভেম্বর,
২০২৪ ২৩:১৪

শেয়ার

অ +

অ -



জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে হত্যার হুমকির প্রতিবাদে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেছে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা।

মঙ্গলবার (৫ নভেম্বর) দুপুরে ক্যাম্পাসের একাডেমিক ভবনের সামনে অনুষ্ঠিত কর্মসূচিতে সভাপতিত্ব করেন অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মো. এনামুল করিম। বক্তব্য রাখেন উপ-উপাচার্য প্রফেসর ড. নুরুল ইসলাম, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ভারপ্রাপ্ত ডিন প্রফেসর ড. ফকির রফিকুল আলম, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্রের ভারপ্রাপ্ত ডিন প্রফেসর ড. মো. আবুদারদা, অফিসার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন আহমেদ সিশিম, চাকরি রক্ষা কমিটির সভাপতি খন্দকার আবু হানিফ ও মহাসচিব মিয়া হোসেন রানা প্রমুখ।

সমাবেশে বক্তারা উপাচার্যকে হত্যার হুমকিদাতাকে দ্রুত আইনের আওতায় আনা ও বিচার দাবি করেন।

উল্লেখ্য, গত সোমবার সকালে টেলিফোনে অজ্ঞাত ব্যক্তি উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহকে হত্যার হুমকি দেন। এ ঘটনায় সোমবার রাতেই ধানমন্ডি থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে।